

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭৫৯

পর্ব-১৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائل وَالشَّمَائل)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - নবীকুল শিরোমণি -এর মর্যাদাসমূহ

اَلْفَصِيْلُ التَّنِفُ (بَابُ فَضَائِل سَيِّدِ الْمُرْسَلِينَ)

আরবী

وَعَن العِرْباض بن ساريةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: إِنِّي عِنْدَ اللَّهِ مَكْتُوبٌ: خَاتَمُ النَّبِيِّينَ وَإِنَّ آدَمَ لِمُنْجَدِلٌ فِي طِينَتِهِ وَسَأُخْبِرُكُمْ بِأَوَّلِ أَمْرِي دَعْوَةُ إِبْرَاهِيمَ وَبِشَارَةُ عِيسَى وَرُوْيًا أُمِّي الَّتِي رَأَتْ حِينَ وَضَعَتْنِي وَقَدْ خَرَجَ لَهَا نُورٌ أَضَاءَ لَهَا مِنْهُ قُصنُورُ الشَّام «. وَرَاه فِي» شرح السّنة

اسناده حسن ، رواه البغوى في شرح السنة (13 / 207 ح 3626) [و احمد (4 / 127 ح 17280) و الحاكم (2 ح 17280 ، 4 / 128 ح 17281) و صححہ ابن حبان (الموارد : 2093) و الحاكم (2 / 600) فتعقبہ الذهبى ، قال :" ابوبكر (ابن ابى مريم) ضعيف " قلت آ لم ينفرد به ، بل تابعہ الثقة معاوية بن صالح عن سعيد بن سويد عن ابن هلال السلمى عن العرباض بن سارية رضى اللہ عنہ به و سنده حسن ۔

(صَحِيح)

বাংলা

৫৭৫৯-[২১] "ইরবায ইবনু সারিয়াহ্ (রাঃ) রাসূলুল্লাহ (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: আল্লাহ তা'আলার কাছে আমি তখনো 'খাতামুন্ নাবিয়িন' হিসেবে লিপিবদ্ধ ছিলাম যখন আদম আলায়হিস সালাম ছিলেন মাটির খামিরায়। আমি তোমাদেরকে আরো বলছি যে, আমার নুবুওয়াতের প্রথম প্রকাশ হলো ইবরাহীম আলায়হিস সালাম -এর দু'আ এবং ঈসা আলায়হিস সালাম -এর ভবিষ্যদ্বাণী আর আমার মায়ের সরাসরি স্বপ্ন, যা তিনি আমাকে প্রসবকালে দেখেছিলেন যে, তাঁর সামনে একটি আলো উদ্ভাসিত হয়েছে, যার আলোতে তিনি সিরিয়ার রাজ প্রাসাদ পর্যন্ত দেখতে পান। (শারহুস সন্নাহ)।



ফুটনোট

সহীহ: মুসনাদে আহমাদ ১৭১৯১, সিলসিলাতুস্ সহীহাহ্ ৩৭৩, মুসান্নাফ আবদুর রায্যাক ৯৭১৮, সহীহ ইবনু হিব্বান ৬৪০৪, দারিমী ১৩, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৫০৩৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لِمُنْجَدِلٌ فِي طِينَتِهِ) অর্থাৎ মাটির খামিরার মধ্যে ছিলেন। পূর্বে উল্লেখিত একাধিক হাদীস এবং এই হাদীসের একই মর্ম। অর্থাৎ আদমের মাঝে আত্মা ফুকার পূর্বেই রাসূলুল্লাহ (সা.) -এর নুবুওয়্যাত নির্ধারিত হয়ে গেছে। হাদীসের পরের অংশ রাসূল (সা.) তার নুবুওয়্যাত প্রকাশের সংবাদ দেন।

(بِاًوْلِ أَمْرِي دَعُوةُ إِبْرَاهِيم) অর্থাৎ আমার নুবুওয়়াতের বিষয় প্রথম প্রকাশ পেয়েছে ইবরাহীম আলায়হিস সালাম এর দাওয়াতের মাধ্যমে। অর্থাৎ তিনি সর্বপ্রথম আমার নুবুওয়়াতের বিষয় প্রকাশ করেন। যেমন কাবাহ নির্মাণের সময় তিনি বলেন- (ছিক্টিট্রু رَسُو اللّهِ مِنْ اللّهِ اللهُ اللهُ

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ইরবায ইবনু সারিয়াহ্ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন